

118109 - বিভিন্ন দল ও গ্রুপের মতভেদের ক্ষেত্রে একজন মুসলিমের অবস্থান

প্রশ্ন

প্রশ্ন: বিভিন্ন দল ও গ্রুপের মধ্যে যে মতভেদ বিরাজমান সেক্ষেত্রে একজন মুসলিমের অবস্থান কি হবে?

প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

“মুসলিমের

কর্তব্য

হচ্ছে-

কুরআন-সুন্নাহ

যা প্রমাণ করে

সে সত্যের

অনুসরণ করা। এ

সত্যের ভিত্তিতে

মিত্রতা ও

শত্রুতা

নির্ধারণ

করা। প্রত্যেক

দল ও

মতাবলম্বী যারা

এ সত্যের

বিরোধিতা করে

তাদের কর্ম

থেকে নিজের

মুক্ততা

ঘোষণা করা

ফরজ। আল্লাহর

দ্বীন

অভিন্ন। সেটা সরল

পথ। এর মানে

হল- 'এক আল্লাহর

ইবাদত করা ও তাঁর

রাসূল

মুহাম্মদ

সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লামের

অনুসরণ করা।

মুসলমানের

উপর ফরজ এ

সত্যের

অনুসরণ করা;

এর উপর অটল

থাকা। অর্থাৎ-

আল্লাহর

আনুগত্য করা,

তাঁর নবী যে

শরিয়ত তথা

আইন-কানুন

নিয়ে এসেছেন

সেগুলো মেনে

চলা, এক্ষেত্রে

আল্লাহর

প্রতি মুখলিস

(একনিষ্ঠ) হওয়া,

কোন ধরনের

ইবাদত আল্লাহ

ছাড়া অন্য

কারো জন্য

পালন না করা।

যে মতবাদ এর

বিপরীত কিছু

করে কিংবা যে

দল এ

আকিদা-বিশ্বাস

ধারণ করে না

সে মতবাদ

থেকে, সে দল

থেকে দূরে

থাকা, তা থেকে সম্পর্কচ্ছেদ

করা ফরজ। বরং

কোমলতা ও

উপযুক্ত

পদ্ধতিতে

দলিল-প্রমাণ

উল্লেখ করে সে

দলের

সদস্যদেরকে দাওয়াত

দেয়া, তাদের

কাছে সত্যকে

তুলে ধরা

দায়িত্ব।”।[সমাপ্ত]

আল্লাহই

ভাল জানেন।